# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃস্টিকারী) বিধিমালা, ২০০০

বাংলাদেশ গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারী ১৮, ২০০১

[৮ম খন্ড-- বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন ঢাকা

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ৩রা ডিসেম্বর, ২০০০

নং এসইসি/এসআরএমআইডি/২০০০-৯২৫/২১৭৯-সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশান্তে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনামা**।- এই বিধিমালা ''সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃস্টিকারী) বিধিমালা, ২০০০" নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ''অধ্যাদেশ" অর্থ- Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969);

(খ) "অনুমোদিত সিকিউরিটি" অর্থ কমিশন কর্তৃক এই বিধিমালার অধীন বাজার সৃস্টিকরণ এর জন্য অনুমোদিত কোন সিকিউরিটি;

(গ) ''আইন" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(ঘ) ''নিবন্ধন সনদ" অর্থ আইনের ধারা ১০ এ উল্লিখিত নিবন্ধিকরন সার্টিফিকেট, যাহা এই বিধিমালা অনুসারে প্রদান করা হয়;

(ঙ) ''ফরম" অর্থ তফসিল-এ বিধৃত কোন ফরম;

(চ) ‘‘বাজার সৃস্টিকারী” অর্থ এমন কোন ব্যক্তি যিনি কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে প্রদত্ত নিবন্ধন সনদের ভিত্তিতে কোন স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কোন অনুমোদিত সিকিউরিটির বাজার সৃষ্টি (Market making) এর জন্য নিযুক্ত থাকেন;

(ছ) “বাজার সৃষ্টি” (Market making) অর্থ কোন অনুমোদিত সিকিউরিটির তারল্য ও উপযুক্ত মূল্য নিশ্চিতির লক্ষ্যে উহার ক্রয় ও বিক্রয়ের নিমিত্ত উহার গভীরতা (Number of tradable lot) সহ ক্রমাগতভাবে উভয় দর (two way price) উল্লেখ করা;

(জ) “স্টক এক্সচেঞ্জ” অর্থ অধ্যাদেশ এর অধীনে রেজিষ্ট্রেশন সনদপ্রাপ্ত কোন স্টক এক্সচেঞ্জ;

(ঝ) “T” অর্থ কোন অনুমোদিত সিকিউরিটি ক্রয় বা বিক্রয়ের দিন।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি যে অর্থে আইন, অধ্যাদেশ এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **নিবন্ধন সনদ ব্যতীত বাজার সৃস্টিকারী হিসাবে কাজ করা নিষিদ্ধ।-** এই বিধিমালার অধীনে প্রদত্ত ও বলবৎ নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি বাজার সৃস্টিকারী হিসাবে কাজ করিতে পারিবেনা।

৪। **নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্যতা**।- কোন ব্যক্তি বাজার সৃস্টিকারী হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবে না, যদি উহা-

(ক) কোন মার্চেন্ট ব্যাংকার, তফসীলী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান না হয়;

(খ) কোন স্টক-ডিলার বা স্টক ব্রোকার হিসাবে সনদ প্রাপ্ত কোম্পানী না হয়;

(গ) উহার কোন উদ্যোক্তা বা পরিচালক এর সাথে কোন অনুমোদিত সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানীর কোন প্রকারে সংশ্লিষ্টতা থাকে;

(ঘ) উহার কোন উদ্যোক্তা বা পরিচালক-

(অ) সিকিউরিটিজ সংক্রান্তসহ কোন জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধে অভিযুক্ত বা দন্ডিত হয়;

(আ) আদালত কর্তৃক দেউলিয়া বা মানসিক বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হয় অথবা ব্যাংক ঋণ কিংবা আয়কর খেলাপী হয়।

(ঙ) কমিশন কর্তৃক লিখিত আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোন যোগ্যতার অধিকারী বা অযোগ্যতা হইতে মুক্ত না হয়।

৫। **নিবন্ধন সনদের জন্য আবেদনপত্র দাখিল, বিবেচনা ইত্যাদি**।- (১) নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত ফরমে কমিশনের নিকট আবেদন করিতে হইবে, যথা-

(ক) স্টক-ডিলার বা স্টক ব্রোকারের ক্ষেত্রে, ফরম-ক তে;
(খ) অন্যান্য ক্ষেত্রে, ফরম-খ তে।

(২) আবেদন পত্রের সাথে পঁচিশ হাজার টাকার অফেরতযোগ্য আবেদন ফিস সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর বরাবরে জমা দেখাইয়া ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে।

(৩) আবেদন পত্রের সাথে ফরমে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র, এবং, কমিশন কর্তৃক নির্দেশিত হইলে, অতিরিক্ত কাগজপত্র ও তথ্যাদি নির্দেশ মোতাবেক, দাখিল করিতে হইবে।

(৪) কোন আবেদনপত্র যে কোন প্রকারে অসম্পূর্ণ থাকিলে তাহা সরাসরি অগ্রাহ্য হইবার যোগ্য হইবে।

(৫) আবেদন সম্পর্কে সন্তুষ্ট হইলে উহা প্রাপ্তির অনধিক পঁয়তাল্লিশ দিনের মধ্যে কমিশন উহা মঞ্জুর করিয়া ফরম-গ তে নিবন্ধন সনদ প্রদান করিবে; অন্যথায়, লিখিত কারণ উল্লেখপূর্বক, উহা নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

(৬) নিবন্ধন ফিস বাবদ দুই লক্ষ টাকা কমিশনের বরাবরে জমা দেখাইয়া ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হইলে প্রদত্ত নিবন্ধন সনদ কার্যকর হইবে, যাহা কমিশন কর্তৃক আবেদনকারীকে অবহিত করা হইবে এবং যাহার একটি অনুলিপি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে প্রদান করা হইবে।

৬। **নিবন্ধন সনদের মেয়াদ ও নবায়ন**।- (১) এই বিধিমালার বিধান সাপেক্ষে কোন নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে এক বৎসর।

(২) নিবন্ধন সনদের মেয়াদ পূর্তির অনূর্ধ ত্রিশ দিন পূর্বে নবায়ন ফিস বাবদ এক লক্ষ টাকা কমিশনের বরাবরে জমা দেখাইয়া ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হইলে, নিবন্ধন সনদের মেয়াদ পরবর্তী এক বৎসরের জন্য নবায়ন করা যাইবে।

(৩) নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন ফিস জমা করা না হইলে, সংশ্লিষ্ট নিবন্ধন সনদের কার্যকারিতা উহার মেয়াদ পূর্তির পর স্থগিত হইয়া যাইবে, এবং সেই ক্ষেত্রে উহা নবায়নের নিমিত্ত প্রতি বৎসর বা উহার অংশ বিশেষের জন্য নবায়ন ফিসের অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে উপ-বিধি (২) মোতাবেক কমিশনের বরাবরে জমা করা হইলে, নিবন্ধন সনদের মেয়াদ পরবর্তী প্রযোজ্য এক বৎসরের জন্যে নবায়ন করা যাইবে।

(৪) নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত থাকাকালীন সময়ের জন্যেও নবায়ন ফিস প্রদান করিতে হইবে।

৭। **বাজার সৃস্টিকারী কর্তৃক পালনয়ি বিষয়সমূহ-**(১) প্রত্যেক বাজার সৃস্টিকারী-

(ক) সর্ব্বোর্চ সততা, বিশ্বস্তা, দক্ষতা ও নিষ্ঠার সহিত উহার কাজকর্ম পরিচালনা করিবে এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালার বিধানাবলী, নিবন্ধন সনদের শর্তাবলী এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের প্রবিধান ও উহার উপ-আইনসমূহ মানিয়া চলিবে;

(খ) কমিশনের নিকট পেশকৃত কোন তথ্য বস্তুগতভাবে ভ্রান্তিপূর্ন বা অসত্য বলিয়া অবহিত হওয়া মাত্র উহা কমিশনকে জানাইবে;

(গ) কমিশনের নিকট পেশকৃত কোন তথ্য বা বিবরণীতে কোন বস্তুগত পরিবর্তন ঘটিলে অনতিবিলম্বে উহা কমিশনকে অবহিত করিবে;

(ঘ) কমিশন কর্তৃক উহার কোন বিষয় তদন্তকালে উহার সকল সদস্য, পরিচালক, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীকে জেরা করার অনুমতিসহ এই ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে;

(ঙ) উহার কোন বিষয় তদন্তের প্রয়োজনে কমিশন কিংবা তৎকর্তৃক নিযুক্ত কোন তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তলবকৃত হিসাবরক্ষণ বই, দলিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি কমিশন বা তদন্তকারী কর্মকর্তার নিকট পেশ করিবে;

(চ) প্রয়োজনে উহার খরচে কমিশন কর্তৃক নিযুক্ত কোন নিরীক্ষক দ্বারা উহার হিসাব পত্র নিরীক্ষা করার ব্যবস্থা করিবে।

(২) প্রত্যেক বাজার সৃস্টিকারী উহার সকল হিসাবরক্ষণ বই, দলিলপত্র এবং তথ্যাদি অন্ততঃ দশ বৎসর যথাযথভাবে সংরক্ষণ করিবে।

(৩) প্রত্যেক বাজার সৃস্টিকারী নিবন্ধন সনদ প্রাপ্তির পনের দিনের মধ্যে কমিশনের পূর্বানুমোদনক্রমে কমিশন কর্তৃক নির্ধারিত যোগ্যতাসম্পন্ন একজন তদারকী কর্মকর্তা (compliance officer) কে কমিশন কর্তৃক অনুমোদিত শর্তাধীনে নিয়োগদান করিবে।

৮। **বাজার সৃস্টিকারীর দায়িত্ব ও কর্তব্য**।- (১)বাজার সৃস্টিকারী অনুমোদিত সিকিউরিটির তারল্য ও উপযুক্ত মূল্য নিশ্চিতকরণের জন্যে যথাযথ ব্যবস্থা নিবে এবং বাজারের আচরণের প্রেক্ষিতে উহার ভূমিকা নির্ধারণ করিবে।

(২) বাজার সৃস্টিকারী বাজার সৃষ্টির জন্য কোন অনুমোদিত সিকিউরিটি নিম্নোক্ত শর্তাদি ও প্রক্রিয়ায় নিজ খাতে (own account) ক্রয়-বিক্রয় করিবে-

(ক) ক্রয়াদেশ মূল্য (bid price) এবং বিক্রয় প্রস্তাব মূল্য (offer price) সন্নিহিত (proximate) সময়ে একই হইতে পারিবে না;

(খ) মূল্য নেতা (price leader) এর ন্যায় অনুমোদিত সিকিউরিটি ক্রয়-বিক্রয় করা যাইবে না;

(গ) প্রতিটি ক্রয়াদেশ (bid) বা বিক্রয় প্রস্তাব (offer) অন্ততঃ পঞ্চাশ হাজার টাকা (বাজার মূল্যে) সমপরিমাণ মার্কেট লটের কম হইতে পারিবে না;

(ঘ) কোন নির্দিষ্ট সময়ে ক্রয়াদেশ মূল্য (bid price) ও বিক্রয় প্রস্তাব মূল্য (offer price) পূর্বোক্ত ক্রয়াদেশ মূল্য (bid price) ও বিক্রয়াদেশ মূল্য (offer price) এর চাইতে পাঁচ শতাংশের কম বা বেশী হইতে পারিবে না।

(ঙ) কমিশন কর্তৃক নির্ধারিত টাকার সমপরিমাণ সিকিউরিটি প্রতিদিন লেনদেন করিতে হইবে;

(চ) প্রযোজ্য ক্ষেত্রে কমিশনের পূর্বানুমতিক্রমে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত ক্রয়াদেশ মূল্য ও বিক্রয় প্রস্তাব মূল্য এর মধ্যকার বিস্তৃতি (spread) পরিপালন করিতে হইবে;

(ছ) প্রদত্ত দরে লেনদেন কার্যকর নিশ্চিত করিতে হইবে;

(জ) সিকিউরিটিটির ইস্যুয়ার কোম্পানীর নিকট হইতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কমিশন বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা গ্রহণ করিতে পারিবে না;

(ঝ) প্রদত্ত দরে একনাগারে অন্ততঃ ত্রিশ মিনিট কোন অনুমোদিত সিকিউরিটির লেনদেন না হইলে বাজারের সাথে সামঞ্জস্য রাখিয়া উহার দর পরিবর্তন করিতে পারিবে, এবং সর্বক্ষেত্রে দর প্রদত্ত সর্বশেষ বাজার মূল্যের নিচে তথা উহার জন্যে প্রযোজ্য সার্কিট ব্রেকারের সীমা অতিক্রম করিতে পারিবে না;

(ঞ) সিকিউরিটিটির ইস্যুয়ার কোম্পানীর কোন প্লেসমেন্ট হোল্ডার, উদ্যোক্তা, পরিচালক বা কর্মচারীর কোন সিকিউরিটি ক্রয়-বিক্রয়ের জন্য গ্রহণ করিতে পারিবে না।

৯। **বাজার সৃষ্টিকরণের জন্যে অনুমোদিত সিকিউরিটির ধরণ**।- কেবলমাত্র স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন সিকিউরিটি বাজার সৃষ্টি এর জন্য অনুমোদিত সিকিউরিটি হইতে পারিবে।

১০। **সেটেলমেন্ট পদ্ধতি**।- (১) T+1 ভিত্তিতে Delivery Vs. Payment (DVP) পদ্ধতিতে বাজার সৃস্টিকারী কর্তৃক লেনদেন নিষ্পত্তি করিতে হইবে।

(২) T+2 দিবসে নিষ্পত্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বাজার সৃস্টিকারী কর্তৃক স্টক এক্সচেঞ্জ ক্লিয়ারিং হাউজে নির্ধারিত পদ্ধতিতে দাখিল করিতে হইবে।

১১। **রিপোর্টিং ইত্যাদি**।- (১)সময়সহ প্রদত্ত দর উল্লেখপূর্বক প্রত্যেক বাজার সৃস্টিকারী কর্তৃক প্রতিদিনের লেনদেন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উহার কমপণ্ডায়েন্স অফিসারের প্রত্যয়নসহ পরবর্তী দিনের মধ্যে কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে দাখিল করাসহ অন্ততঃ দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে।

(২) প্রতিটি প্রদত্ত দর ও পূর্বোক্ত লেনদেনের দর, পরিমাণ সহ, ট্রেডিং মনিটরে অন্ততঃ ত্রিশ মিনিট প্রচার করিতে হইবে।

১২। **তথ্য প্রাপ্তির অধিকার**।- প্রত্যেক বাজার সৃস্টিকারী কর্তৃক কোন অনুমোদিত সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানীর নিকট হইতে নিয়মিতভাবে সংশ্লিষ্ট সিকিউরিটির তথ্যসহ ইস্যুয়ার কোম্পানীর সার্বিক কার্যক্রম সংক্রান্ত প্রকাশিত তথ্যাদি পাইবার অধিকার থাকিবে, এবং ইস্যুয়ার কোম্পানী এতদসংক্রান্ত সংশ্লিষ্ট তথ্যাদি বাজার সৃস্টিকারীকে সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

১৩। **বাজার সৃস্টিকারীর বাধ্যবাধকতা**। – কোন বাজার সৃস্টিকারী -

(ক) নিবন্ধন সনদ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে বাজার সৃষ্টি কার্যক্রম শুরু করিবে;
(খ) প্রতিদিন দর প্রদান করিবে;
(গ) কমিশনের নিকট হইতে অন্ততঃ পনের দিন পূর্বে অনুমতি গ্রহণ ব্যতিরেকে উহার কার্যক্রম বন্ধ বা স্থগিত করিতে পারিবে না।

১৪। **মূলধন** ।– (১) বাজার সৃস্টিকারীর মূলধনের পরিমাণ কমিশন কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারণ করা হইবে ।

(২) বাজার সৃস্টিকারী একনাগাড়ে কয়টি অনুমোদিত সিকিউরিটিতে বাজার সৃষ্টি করিতে পারিবে তাহা উহার মূলধনের পরিমাণের ভিত্তিতে কমিশন কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারণ করা হইবে ।

(৩) কমিশনের কর্তৃক নির্ধারিত নীট মূলধন (net capital) সর্বদা সংরক্ষণ করিতে বাজার সৃস্টিকারী বাধ্য থাকিবে ।

১৫। **প্রতিটি সিকিউরিটির জন্যে বাজার সৃস্টিকারীর সংখ্যা নির্ধারণ**।– কমিশন সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত সুপারিশ বিবেচনা পূর্বক কিংবা নিজ উদ্যোগে প্রতিটি অনুমোদিত সিকিউরিটির

জন্য কয়জন বাজার সৃস্টিকারী থাকিতে পারিবে তাহা প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারণ করিতে পারিবে।

১৬। **পৃথক ট্রেডিং ব্যবস্থার মাধ্যমে ক্রয়-বিক্রয়।-** কেবল মাত্র স্টক এক্সচেঞ্জ কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত পৃথক ট্রেডিং ব্যবস্থার মাধ্যমে বাজার সৃষ্টি এর জন্যে কোন অনুমোদিত সিকিউরিটি ক্রয়-বিক্রয় করা যাইবে।

১৭। **ধার গ্রহণ এবং প্রদান (borrowing and lending) খাতে অনুমোদিত সিকিউরিটির ব্যবহার** ।-

(১) ব্যাংক ঋণসহ ধার গ্রহণ ও প্রদান (borrowing and lending) খাতে কোন অনুমোদিত সিকিউরিটি সংশ্লিষ্ট বিধিমালা মোতাবেক ব্যবহার করা যাইবে ।

(২) উক্ত উদ্দেশ্য ব্যতিরেকে বাজার সৃস্টিকারী কর্তৃক ক্রয়কৃত কোন অনুমোদিত সিকিউরিটি কেবলমাত্র বাজার সৃষ্টি এর জন্যে বিক্রয় করা যাইবে ।

১৮। **অনুমোদিত সিকিউরিটি নির্ধারণ।–** (১) কমিশন, স্টক এক্সচেঞ্জের সুপারিশ বিবেচনা পূর্বক, কিংবা নিজ উদ্যোগে, কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত নীতিমালার (criteria) আলোকে অনুমোদিত সিকিউরিটির তালিকা নির্ধারণ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত পন্থায় কমিশন কৃর্তক জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে উক্ত তালিকা সংশোধন করা যাইবে।

[১][১৯। **আদেশ বা নির্দেশ পরিপালন**।- এই বিধিমালায় উল্লিখিত পরিপালনীয় বিধানসমূহ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক প্রদত্ত নির্দেশ বা আদেশ পরিপালন হিসাবে গণ্য হইবেঃ

শর্ত থাকে যে, কমিশন, এই বিধিমালার অধীন সময় সময় অন্য কোন আদেশ বা নির্দেশও জারী করিতে পারিবে যা পরিপালনে প্রত্যেক বাজার সৃস্টিকারী, স্টক এক্সচেঞ্জ বা অনুমোদিত সিকিউরিটি ইস্যুয়ার সর্বোতভাবে বাধ্য থাকিবে।]

২০। **নিবন্ধন সনদ বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি।–** (১) কোন বাজার সৃস্টিকারী এই বিধি অনুসারে যোগ্যতা হারাইলে বা আইন, অধ্যাদেশ, এই বিধিমালা বা নিবন্ধন সনদের কোন শর্ত ভংগ করিলে, বা সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের প্রবিধান বা উপ-আইন অমান্য করিলে, কমিশন উক্ত বাজার সৃস্টিকারী সনদ বাতিল কিংবা কোন নির্ধারিত সময়ের জন্যে সনদের কর্যিকারিতা স্থগিত করিতে পারিবে; তবে শর্ত থাকে যে, এই বিধির অধীনে কোন সনদ বাতিল বা স্থগিতের পূর্বে

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-২১/প্রশাসন/০৩-২১ তারিখ, জানুয়ারি ০৯, ২০০৬ এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা এপ্রিল ৫, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

কমিশন সনদ বাতিল বা স্থগিতকরণের কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বাজার সৃস্টিকারীকে অন্ততঃ সাত দিনের একটি নোটিশ প্রদানপূর্বক উহার বক্তব্য লিখিতভাবে উপস্থাপনের সুযোগ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট বাজার সৃস্টিকারী তাহার বক্তব্য নির্ধারিত সময়ের মধ্যে উপস্থাপন করিলে সেইক্ষেত্রে কমিশন উক্ত বক্তব্য বিবেচনাক্রমে, এবং প্রয়োজনে উহার প্রধান নির্বাহীকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ প্রদান করিয়া, প্রস্তাবিত বাতিল বা স্থগিতকরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে সংশ্লিষ্ট বাজার সৃস্টিকারীকে জানাইয়া দিবে, এবং সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে প্রদান করিবে ।

(৩) কমিশন কোন বিশেষ ক্ষেত্রে যদি এইমর্মে সন্তুষ্ট হয় যে, এই বিধির অধীনে কোন নিবন্ধন সনদ বাতিলের সিদ্ধান্ত গ্রহণের পূর্বেই সনদের কার্যকারিতা স্থগিত করা প্রয়োজন তাহা হইলে, কমিশন উপ-বিধি (১) এর শর্তাংশ অনুসারে নোটিশ জারির পূর্বে বা পরে যে কোন সময় উক্ত সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে, এবং তাহা করা হইলে সিদ্ধান্তটি সম্পর্কে সংশ্লিষ্ট বাজার সৃস্টিকারী ও স্টক এক্সচেঞ্জকে অবহিত করিতে করিবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর অধীনে কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট বাজার সৃস্টিকারী উক্ত সনদের ভিত্তিতে কোন কাজকর্ম করিতে পারিবে না।

২১। **বিশেষ ক্ষেত্রে অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ**।- এই বিধির অধীন বাজার সৃস্টিকারীর বিরুদ্ধে যে কোন ব্যবস্থাই গ্রহণ করা হউক না কেন কমিশন, বিশেষ ক্ষেত্রে প্রয়োজন মনে করিলে, আইন বা অধ্যাদেশের আওতায় প্রযোজ্য অন্যান্য যে কোন শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করিতে পারিবে।

**তফসিল**

<u>(ফরমসমূহ)</u>

**ফরম ক**

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃস্টিকারী) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(১)(ক) দ্রষ্টব্য]

বাজার সৃস্টিকারী  হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নিকট দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম ঃ

২। দরখাস্তকারীর ঠিকানা ঃ

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।]

৩। দরখাস্তকারী যে স্টক এক্সচেঞ্জের সদস্য উহার

(ক) নাম ও ঠিকানা ঃ

(খ) সদস্য হিসাবে কোড নং ঃ

(গ) সদস্য হওয়ার তারিখ ঃ

৪। দরখাস্তকারী কি হিসাবে সনদ প্রার্থী ঃ স্টক ডিলার/স্টক ব্রোকার
(অপ্রযোজ্যটি কাটিয়া দিন)।

৫। দরখাস্তকারীর আইনগত মর্যাদা ঃ কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা
(অপ্রযোজ্যটি কাটিয়া দিন)।

৬। দরখাস্তকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম ঃ
ও প্রদত্ত ক্ষমতার বিবরণ
(ক্ষমতা পত্রের অনুলিপি দাখিল করুন)।

৭। দরখাস্তকারীর (ক) অফিসের ফোন/ ফ্যাক্স/ ঃ

ই-মেইল নং-
(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন /ফ্যাক্স/ ই-মেইল নং-

৮। দরখাস্তকারী কোম্পানীর পরিচালকগনের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানীতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ ঃ

৯। দরখাস্তকারীর সিকিউরিটি ব্যবসায় অভিজ্ঞতা ঃ

১০। দরখাস্তকারীর নীট মূলধন স্থিতি (..... তারিখে) [নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন] ঃ

১১। দরখাস্তকারী কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কিনা ? ঃ

১২। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হইয়াছিল কিনা ? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে- ঃ

১৩। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা ? হইলে কখন কোথায়- ঃ

১৪। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা ? হইলে কোন ব্যাংক এবং কত টাকা- ঃ

১৫। দরখাস্তকারীর অনুমোদিত প্রতিনিধি (যদি থাকে) এর- ঃ

(ক) নাম

(খ) পিতার নাম

(গ) স্থায়ী ঠিকানা

(ঘ) বর্তমান ঠিকানা

(ঙ) অফিসের ঠিকানা

(চ) শিক্ষাগত যোগ্যতা

১৬। দরখাস্তকারীর কর্মচারীর সংখ্যা ঃ

১৭। অন্যান্য তথ্যাদি ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ ................... দরখাস্তকারীর স্বাক্ষর ও সীল

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরি-উক্ত দরখাস্তকারী ...................... (নাম লিখুন) অত্র ..................... স্টক এক্সচেঞ্জের একজন সদস্য। উহার সদস্য কোড নং ......... এবং সদস্যভুক্তির তারিখ ...................। বাজার সৃস্টিকারী হিসাবে উহাকে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

মুখ্য নির্বাহী কর্মকর্তা/সচিব

নাম ........................

পদবী ও সীল ............

............. স্টক এক্সচেঞ্জ

তারিখ ....................
(অপ্রযোজ্য অংশ কাটিয়া দিন)।

**ফরম খ**

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃস্টিকারী) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(১) (খ) দ্রষ্টব্য]
বাজার সৃস্টিকারী হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নিকট দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম ঃ

২। দরখাস্তকারীর ঠিকানা ঃ

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।]

৩। দরখাস্তকারীর আইনগত মর্যাদা ঃ কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা (অপ্রযোজ্য অংশটি কাটিয়া দিন)

৪। দরখাস্তকারীর পক্ষে স্বাক্ষরকারীর ব্যক্তির নাম ও প্রদত্ত ক্ষমতার বিবরণ (ক্ষমতা পত্রের অনুলিপি দাখিল করুন)। ঃ

৫। দরখাস্তকারীর (ক) অফিসের ফোন/ফ্যাক্স/ই-মেইল নং- ঃ
(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন/ফ্যাক্স/ই-মেইল নং-

৬। দরখাস্তকারী কোম্পানীর পরিচালকগণের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানীতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ ঃ

৭। দরখাস্তকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

৮। দরখাস্তকারীর নীট মূলধন স্থিতি (.......... তারিখে) ঃ
[নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন]

৯। দরখাস্তকারী একটি তফসীলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/মার্চেন্ট ব্যাংকার/পোর্টফোলিও ম্যানেজার ঃ

১০। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্য- ঃ

কলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হইয়াছিল কিনা ? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে-

| | | |
|---|---|---|
| ১১। | দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা ? হইলে কখন, কোথায়- | ঃ |
| ১২। | দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা ? হইলে কোন ব্যাংক এবং কত টাকা- | ঃ |
| ১৩। | দরখাস্তকারীর কর্মচারীর সংখ্যা | ঃ |
| ১৪। | অন্যান্য তথ্যাদি | ঃ |

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ ....................

দরখাস্তকারীর স্বাক্ষর ও সীল

**ফরম গ**

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃস্টিকারী) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(৫) দ্রষ্টব্য]।

(কমিশনের মনোগ্রাম)

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

বাজার সৃস্টিকারী নিবন্ধন সনদ

নিবন্ধন ক্রমিক নং .....................  সনদ প্রদানের তারিখ ...................

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃস্টিকারী) বিধিমালা, ২০০০ অনুসারে এতদ্বারা ................... (নাম লিখুন) ................... ঠিকানা ................... কে একজন নিবন্ধিকৃত বাজার সৃস্টিকারী হিসাবে এই নিবন্ধন সনদ প্রদান করা হইল। তিনি এই সনদে উল্লেখিত শর্তাধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং এতদসংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন।

এই নিবন্ধন সনদ ................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদে নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর

নাম ঃ ..............................

পদবী ও সীল .......................

**সনদ নবায়ন**

(বিধি ৬ দ্রষ্টব্য)

| যে তারিখ পর্যন্ত নবায়িত | পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি | কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |
| ৬। | | |
| ৭। | | |
| ৮। | | |
| ৯। | | |
| ১০। | | |

**(বাজার সৃস্টিকারী এর নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী)**

**সনদের শর্তাবলী**

১। এই সনদ বিক্রয়, দান, বন্ধক বা অন্য কোন ভাবে হস্তান্তর বা দায়বদ্ধ করা যাইবে না এবং অন্য কেহ এই সনদের অধীন সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিতে পারিবেন না।

২। সনদ প্রাপক Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃস্টিকারী) বিধিমালা, ২০০০ এর অধীন কমিশন কর্তৃক সময় সময় প্রদত্ত বা জারীকৃত আদেশ বা নির্দেশ এবং এই সনদের সকল শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৩। সনদ প্রাপক উপরি-উক্ত বিধিমালা অনুসারে প্রয়োজনীয় হিসাব বহি, রেজিস্টার, নথিপত্র ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিবেন।

৪। সনদ প্রাপক তাহার বিষয়াবলী কমিশন কর্তৃক তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলাদি ও তথ্য সরবরাহ এবং যুক্তিসংগত সকল সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৫। সনদ প্রাপকের নিকট কেহ কোন অভিযোগ উত্থাপন করিলে উক্ত অভিযোগ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সনদ প্রাপক প্রয়োজনীয় প্রতিকার গ্রহনের জন্য যুক্তিসংগত এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং তৎসম্পর্কে অভিযোগকারীকে অবহিত করিবেন।

৬। প্রতি ইংরেজী পঞ্জিকা বৎসরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত প্রাপ্ত অভিযোগের প্রকৃতি ও সংখ্যা এবং তৎসম্পর্কে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট অন্যন্য বিষয়াদি সম্পর্কে সনদ প্রাপক পরবর্তী ত্রিশ দিনের মধ্যে স্টক এক্সচেঞ্জ ও কমিশনের নিকট একটি প্রতিবেদন দাখিল করিবেন।

৭। বাজার সৃস্টিকারী যে স্টক এক্সচেঞ্জের মাধ্যমে ক্রয় - বিক্রয় করিবেন উহার সহিত সংশ্লিষ্ট আইন, বিধি, বিধান এবং অন্যান্য প্রযোজ্য শর্ত মানিয়া চলিবেন।

৮। বাজার সৃস্টিকারীর কাঠামোতে বা উহার আইনগত মর্যাদার কোন পরিবর্তন হইলে তাহা উক্ত পরিবর্তনের ত্রিশ দিনের মধ্যে কমিশনকে লিখিতভাবে অবহিত করিবেন।

৯। বাজার সৃস্টিকারী তাহার কাজকর্ম পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস, সরঞ্জাম এবং লোকবলের ব্যবস্থা রাখিবেন।

১০। বাজার সৃস্টিকারী প্রতি বৎসর একটি নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনের নিকট দাখিল করিবেন।

১১। বাজার সৃস্টিকারী উহার ক্ষেত্রে প্রযোজ্য প্রতিদিন সিকিউরিটি ক্রয়-বিক্রয় করিবেন।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে-

মনির উদ্দিন আহমদ
চেয়ারম্যান।